

(একই তারিখ ও সারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

প্রশাসন-২ শাখা

www.mopa.gov.bd

তারিখ: ১ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৫ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.০০০.১১১.১৬.০০০৪.২৪.৫৬১

বিষয়: মন্ত্রণালয়/বিভাগ ও অধীন দপ্তর/সংস্থার নন-ক্যাডার শূন্যপদ পূরণের তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “Statistics of Government Servants, 2023” অনুযায়ী ৯ম হতে ১২তম গ্রেড পর্যন্ত সরকারের অনুমোদিত নন-ক্যাডার শূন্য পদের সংখ্যা প্রায় ১,৭২,০০০ টি। তন্মধ্যে ৪৩তম হতে ৪৭তম বিসিএস পর্যন্ত নন-ক্যাডার (৯ম-১২তম গ্রেড) ৬,২৬৯ টি পদে নিয়োগের লক্ষ্যে ইতোমধ্যে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনে অধিযাচন প্রেরণ করা হয়েছে।

০২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২ ডিসেম্বর ২০২৪ তারিখের ৪৯০ সংখ্যক স্মারকে সকল মন্ত্রণালয়/বিভাগ ও অধীন দপ্তর/সংস্থার শূন্যপদ পূরণের লক্ষ্যে দ্রুত ব্যবস্থা গ্রহণপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ জানানো হলেও গৃহীত পদক্ষেপ সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়নি।

০৩। ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের মাধ্যমে বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার জনগণের প্রত্যাশা পূরণ এবং শিক্ষিত তরুণদের বেকারত্ব লাঘবে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। কিন্তু, বর্ণিত তথ্যমতে বিপুল সংখ্যক শূন্যপদ থাকা সত্ত্বেও তা পূরণে কার্যকর পদক্ষেপ পরিলক্ষিত হচ্ছে না।

০৪। এমতাবস্থায়, নিম্নবর্ণিত ‘ছক’ মোতাবেক আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বাংলাদেশ ব্যাংক এবং সকল মন্ত্রণালয়/বিভাগ, অধীনস্থ দপ্তর/সংস্থার নন-ক্যাডার (৯ম-১২তম গ্রেড) শূন্য পদসমূহের তথ্য (ওয়ার্ড ফাইলসহ) প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো:

‘ছক’

মন্ত্রণালয়/বিভাগের নাম:.....

অনুমোদিত পদ	শূন্যপদের সংখ্যা	পূরণকৃত পদ	শূন্যপদ পূরণের গৃহীত কার্যক্রম	মন্তব্য
৯ম গ্রেড (বেতন স্কেল ২২০০০-৫৩০৬০)টি				
১০ম গ্রেড (বেতন স্কেল ১৬০০০-৩৮৬৪০)টি				
১১তম গ্রেড (১২৫০০-৩২২৪০)টি				
১২তম গ্রেড (১১৩০০-২৭৩০০)টি				

১৫-০৩-২০২৫

ড. মো: মোখলেস উর রহমান
সিনিয়র সচিব

+৮৮-০২-২২৩৩৯০১০০

secretary@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক।
- ২। সিনিয়র সচিব/সচিব (সকল)।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৪। জেলা প্রশাসক (সকল)।

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.০০০.১১১.১৬.০০০৪.২৪.৫৬১/১ (৪)

তারিখ: ১ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৫ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, প্রধান উপদেষ্টার কার্যালয়।
- ৩। কাউন্সিল অফিসার, সকল মন্ত্রণালয়।
- ৪। অফিস কপি, মাস্টার কপি।



১৫-০৩-২০২৫
ড. মো: মোখলেস উর রহমান
সিনিয়র সচিব